

Non-Chordates Animal

Topics:

১। Non-Chordata প্রাণীদের শ্রেণিবিন্যাস, পরিচিতি ও বৈশিষ্ট্য

প্রাণিজগতের প্রধান পর্বসমূহের অনন্য বৈশিষ্ট্য ও উদাহরণ		
পর্বের নাম	অনন্য বৈশিষ্ট্য	উদাহরণ
Porifera	১. দেহ প্রাচীর অস্টিয়া নামক অসংখ্য ছিদ্রযুক্ত; অন্তঃপ্রাচীরে কোয়ানোসাইট নামক কোষ থাকে। ২. দেহাভ্যন্তরে বিশেষ ধরনের নালিতন্ত্র দেখা যায়। ৩. দেহে চুনময় স্পিকিউল ও স্পঞ্জিন নামক জৈবতন্ত্র বিদ্যমান।	<i>Spongilla locustris</i> (মিঠা পানির স্পঞ্জ) <i>Euspongia officinalis</i> (গোসল স্পঞ্জ)
Cnidaria	১. দ্বিস্তরী প্রাণী; বাইরের এপিডার্মিস ও ভিতরের এন্ডোডার্মিস নিয়ে দেহ প্রাচীর গঠিত। ২. নেমাটোসিস্ট ধারণকারী নিডোসাইট কোষ পাওয়া যায়। ৩. দেহাভ্যন্তরে সিলেন্টেরন নামের একটি কেন্দ্রীয় গহ্বর থাকে।	<i>Aurelia aurita</i> (জেলি ফিশ) <i>Penntula sulcata</i> (সমুদ্রের কলম)
Platyhelminthes	১. দেহ পৃষ্ঠ-অক্ষীয়ভাবে চাপা, চোষক বা ছক যুক্ত। ২. নরম কিউটিকুলার এপিডার্মিস দিয়ে দেহ আবৃত। ৩. সিলোমবিহীন প্রাণী; রেচন অঙ্গে শিখাকোষ থাকে।	<i>Fasciola hepatica</i> (যকৃত কৃমি) <i>Taenia solium</i> (ফিতা কৃমি)
Nematoda	১. দেহ কীট আকৃতির, নলাকার এবং উভয় প্রান্ত ক্রমশ সরু। ২. দেহ নমনীয় ইলাস্টিন নির্মিত কিউটিকল দিয়ে আবৃত। ৩. প্রাণীর অপ্রকৃত সিলোমযুক্ত ও অখন্ডকায়িত।	<i>Ascaris lumbricoides</i> (গোল কৃমি) <i>Loa loa</i> (চোখ কৃমি)
Mollusca	১. দেহ নরম, অখন্ডকায়িত এবং ম্যান্টল নামক পর্দা দিয়ে আবৃত। ২. দেহের অক্ষীয় দিকে পেশিবহুল পদ বিদ্যমান। ৩. পৌষ্টিকনালি প্যাচানো; কখনও “U” আকৃতির।	<i>Pila globosa</i> (আপেল শামুক) <i>Octopus vulgaris</i> (অক্টোপাস)
Annelida	১. প্রকৃত সিলোমযুক্ত প্রাণী; দেহ আংটির মতো একাধিক সদৃশ খন্ডক নিয়ে গঠিত। ২. চলনাদ্ধ সিটি বা প্যারাপোডিয়া অথবা অনুপস্থিত। ৩. দেহের প্রায় প্রত্যেক খন্ডকে নেফ্রিডিয়া নামক রেচন অঙ্গ রয়েছে।	<i>Metaphire posthuma</i> (কেঁচো) <i>Hirudinaria medicinalis</i> (জোঁক)
Arthropoda	১. দেহ কাইটিন নির্মিত শক্ত বহিঃকঙ্কাল দিয়ে আবৃত এবং সন্ধিযুক্ত উপাঙ্গবিশিষ্ট। ২. দেহ গহ্বর রক্ত দিয়ে পূর্ণ থেকে হিমোসিল গঠন করে। ৩. মস্তকে সাধারণত একজোড়া অ্যান্টিনি ও একজোড়া পুঞ্জাক্ষি থাকে।	<i>Periplaneta americana</i> (তেলাপোকা) <i>Musca domestica</i> (গৃহ মাছি)
Echinodermata	১. দেহ কণ্টকময় ও পেডিসিলারিযুক্ত অমসৃণ বহিঃকঙ্কাল দিয়ে আবৃত। ২. পূর্ণাঙ্গ প্রাণী অরীয় বা পঞ্চঅরীয় প্রতিসম, লার্ভা দ্বিপাক্ষীয় প্রতিসম। ৩. অনন্য গড়নের পানি সংবহনতন্ত্র রয়েছে এবং এর সংশ্লিষ্ট নালিকা পদ এদের চলন অঙ্গ।	<i>Astropecten euryacanthus</i> (স্টার ফিশ) <i>Antedon bifida</i> (পালক স্টার)
Chordata	১. জীবনের যেকোন দশায় একটি স্থিতিস্থাপক নটোকর্ড থাকে। ২. একটি পৃষ্ঠীয় ফাঁপা ও নলাকার স্নায়ুরজ্জু পৌষ্টিকনালির পৃষ্ঠদেশে প্রসারিত থাকে। ৩. জীবনের কোন দশায় গলবিলীয় ফুলকা রক্ত উপস্থিত।	<i>Tenualosa ilisha</i> (ইলিশ মাছ) <i>Homo sapiens</i> (মানুষ)